গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৬.২০.০১৫.১৭-৩৪৬ তারিখঃ ৩০/০৬/২০১৮ খ্রি.।

বিষয়ঃ ঢেউটিন ও গৃহ বাবদ মঞ্জুরী বরাদ্দ প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৩.১৪-৩৫৩, তারিখঃ ২৮/০৬/২০১৮খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মীর মোস্তাক আহমেদ রবি, মাননীয় সংসদ সদস্য, ১০৬, সাতক্ষীরা-২, সদস্য, সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ এর ডিও পত্রের প্রেক্ষিতে ১০৬-সাতক্ষীরা-২ নির্বাচনী এরলাকায় ক্ষতিগ্রস্তদের পুর্নবাসনের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিজার্ভ হতে ২০০ (দুইশত) বান্ডিল ঢেউটিন এবং গৃহ নির্মাণ ব্যয় বাবদ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গৃহ নির্মাণ মঞ্জুরী খাত হতে (৫৯০০ সাহায্য মঞ্জুরী ৫৯০৭ গৃহবাবদ মঞ্জুরী) প্রতি বান্ডিল ঢেউটিনের সাথে ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে মোট (২০০ বান্ডিল × ৩,০০০/-)= ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা প্রশাসক, সাতক্ষীরা এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো :

শর্তাবলীঃ

১। ঢেউটিন বরাদ্দ প্রাপ্ত প্রাপক/প্রতিষ্ঠানের নিজস্ব জায়গা থাকতে হবে।

২। ঢেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বান্ডিল প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।

৩। ঢেউটিনের সাথে বরাদ্দকৃত টাকা ঢেউটিন বিতরণ ব্যতীত অন্য কোনভাবে বিতরণ করা যাবে না এবং এ ক্ষেত্রে সরকারের যাবতীয় আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৪। মঞ্জুরীকৃত অর্থ চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-সাধারণ-৫৯০০-সাহায্য, ৫৯০৭-গৃহবাবদ মঞ্জুরী খাত হতে নির্বাহ হবে।

৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাদ্দকৃত ঢেউটিন ও গৃহ বাবদ মঞ্জুরীর অর্থ বিতরণে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ ও সরকারী বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৬। সাতক্ষীরা জেলায় বরাদ্দকৃত ঢেউটিন খুলনা অঞ্চলের সিএন্ডএফএজেন্ট ও পরিবহন ঠিকাদার মেসার্স শাম্মী এজেন্সীজ লিঃ, ৫০, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা-১২১৫ এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে।

৭। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৩০/৬/১৮

(মোঃ ইফতেখারুল ইসলাম)
পরিচালক (ত্রাণ)
ফোনঃ ৯৮৬০৩৮৬।

জেলা প্রশাসক
সাতক্ষীরা।

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৬.২০.০১৫.১৭- তারিখঃ ৩০/০৬/২০১৮ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জনাব মীর মোস্তাক আহমেদ রবি, মাননীয় সংসদ সদস্য, ১০৬, সাতক্ষীরা-২, সদস্য, সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপ-পরিচালক (বাজেট/হিসাব)/আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আঃ গণি রোড, ঢাকা। তাঁকে গৃহ নির্মাণ ব্যয় বাবদ বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র সংশ্লিষ্ট জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে জারী করার জন্য অনুরোধ করা হলো।
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খুলনা (তাঁকে সাতক্ষীরা জেলায় বরাদ্দকৃত ২০০ (দুইশত) বান্ডিল ঢেউটিন খুলনা আঞ্চলিক ত্রাণ গুদাম, খুলনা হতে খুলনা অঞ্চলের "সিএন্ডএফএজেন্ট ও পরিবহন ঠিকাদার" মেসার্স শাম্মী এজেন্সীজ লিঃ, ৫০, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা-১২১৫ এর মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সাতক্ষীরা।
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা/সাতক্ষীরা।
১০। সহকারী হিসাব রক্ষক/ক্যাশিয়ার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর, ঢাকা।
১২। মেসার্স শাম্মী এজেন্সীজ লিঃ, ৫০, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা-১২১৫।
১৩। সংরক্ষণ নথি।

(অরুণেন্দ্র কিশোর চক্রবর্ত্তী)
উপ-পরিচালক (ত্রাণ-২)

E:\Old Backup\nilufa\tin\tin boraddha bises.docx